দৈনিক সংবাদ

তারিখ 19 AUG 1987
পৃষ্ঠা ... ৭ ...
২৮ শ্রাবণ ১৩৯৪ বাং

056

## ঢাকা বিশ্ববিদ্যালয় লাইব্রেরী খুলে দেয়া হয়েছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় লাইব্রেরী খুলে দেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ক্লাশ অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকলেও ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের সুবিধার্থে এই ব্যবস্থা নেয়া হয়েছে বলে জানা গেছে।

শুক্রবার ছাড়া সপ্তাহের অন্যান্য দিন সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত লাইব্রেরী খোলা থাকবে।

### ভর্তির সাক্ষাৎকার

বিশ্ববিদ্যালয়ের 'ক' ইউনিটে ভর্তির দ্বিতীয় সাক্ষাৎকার (মেধাক্রম ১৫০১ থেকে ২২১৩ পর্যন্ত) ১৬ই আগষ্ট থেকে শুরু হয়েছে এবং আগামী ২২শে আগষ্ট পর্যন্ত চলবে। বন্যা জনিত কারণে যেসব ছাত্রছাত্রী নির্দিষ্ট সময়ে উপস্থিত হতে পারবে না তাদের সাক্ষাৎকার আগামী ২৯ এবং ৩০শে আগষ্ট গ্রহণ করা হবে।